

সাপোর্টিং ফ্লাড ফোরকাস্ট-বেইসড অ্যাকশন অ্যান্ড লার্নিং ইন বাংলাদেশ (সুফল)

বিশ্বের সবচেয়ে বন্যা-প্রবণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। এডিবি ২০১৬ সালের তথ্য অনুযায়ী, সাধারণত মৌসুমি বন্যার কারণে এদেশের প্রায় ২৫ থেকে ৩০ শতাংশ ডুবে যায়। ফলে প্রতি বছর গড়ে ২.২ বিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ক্ষয়ক্ষতি হয়, যা আমাদের মোট দেশজ উৎপাদনের প্রায় ১.৫ শতাংশ। এই পরিস্থিতিতে, দুর্ভোগ হওয়ার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারলে সম্পদের ক্ষয়ক্ষতি কমানো যায় এবং মূল্যবান জীবন বাঁচানো সম্ভব হয়। দুর্ভোগের পূর্ব প্রস্তুতির ধারণা বাংলাদেশে নতুন নয়। তবে এদেশে, বিশেষত বন্যার ক্ষেত্রে, আগাম সাড়া দানের তুলনায়, দুর্ভোগ পরবর্তী সাড়া দানই বেশি দৃশ্যমান। পূর্বাভাস-ভিত্তিক পূর্ব প্রস্তুতি নিতে পারলে ক্ষয়ক্ষতি অনেকাংশে কমিয়ে আনা যায়। কিন্তু এখন পর্যন্ত বন্যা পরিস্থিতিতে দুর্ভোগ ব্যবস্থাপনায় সরকারী বা বেসরকারী পর্যায়ে পূর্বাভাস-ভিত্তিক সাড়া দানের কোন সুনির্দিষ্ট কাঠামো প্রচলিত নেই।

সাপোর্টিং ফ্লাড ফোরকাস্ট-বেইসড অ্যাকশন এন্ড লার্নিং ইন বাংলাদেশ (সুফল) এমন একটি প্রকল্প যা বন্যার প্রভাব-ভিত্তিক পূর্বাভাস ব্যবহার করে বন্যাদুর্গত এলাকার মানুষের মাঝে সতর্কতামূলক তথ্য প্রচার করবে এবং ক্ষেত্রবিশেষে সেই অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সম্পূর্ণ সহযোগিতা প্রদান করবে, যাতে আসন্ন বন্যার কারণে ক্ষয়ক্ষতি কমানো যায়। বন্যার পূর্বেই ব্যবস্থা নেয়ার উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের উপর বন্যার প্রকোপ কমানো, বন্যাকালীন ত্রাণ তৎপরতা ত্বরান্বিত করা এবং ক্ষয়ক্ষতির পরিমাণ কমানো।

এক বলকে সুফল প্রজেক্ট

অর্থায়নে : ইউরোপিয়ান ইউনিয়ন সিভিল প্রোটেকশন অ্যান্ড হিউম্যানিটারিয়ান এইড অপারেশন (একো)

প্রকল্প বাস্তবায়নে : কেয়ার বাংলাদেশ, কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড এবং ইসলামিক রিলিফ বাংলাদেশ

কারিগরি সহায়তায় : রিজিওনাল ইন্সটিটিউটেড মাল্টি-হাজার্ড আর্লি ওয়ার্নিং সিস্টেম ফর আফ্রিকা অ্যান্ড এশিয়া (রাইমস)

প্রকল্পের সময়কাল : আগস্ট ২০১৯ - জানুয়ারি ২০২১

সুফল প্রজেক্টের আওতায় যেসব উদ্যোগ নেয়া হবে

বন্যার পূর্বাভাস

বন্যার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া

আর্থিক অনুদান


- স্থানীয় পর্যায়ে, সময়মত, সঠিক পূর্বাভাস
- বন্যার প্রকোপ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ বুঝতে প্রভাব-ভিত্তিক পূর্বাভাসের ব্যবহার
- পূর্বাভাসের ভিত্তিতে বন্যার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পরামর্শ দেয়া

- বিপদসীমা অতিক্রম করলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রোটোকল প্রণয়ন
- দুর্ভোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সংস্থাগুলোর দায়িত্ব এবং কর্তব্য নিরূপণ করে দেয়া
- আসন্ন বন্যার আগেই স্থানীয় পর্যায়ে পূর্বনির্ধারিত ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ দেয়া

- বিপদসীমার নির্দিষ্ট ধাপ অতিক্রম করলে বন্যাদুর্গত এলাকার মানুষের জন্য আর্থিক সহায়তা দেয়া
- জাতীয়, আন্তর্জাতিক এবং বেসরকারী পর্যায়ে আর্থিক সহায়তা প্রদানের সম্ভাব্য উৎস ও প্রক্রিয়া অনুসন্ধান এবং সুপারিশ
- আসন্ন বন্যার পূর্বেই স্থানীয় পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে পূর্বনির্ধারিত ব্যবস্থা গ্রহণে সহায়তা প্রদান

ফোরকাস্ট-বেইসড অ্যাকশন কী?

ফোরকাস্ট-বেইসড আর্লি অ্যাকশন, অথবা পূর্বাভাসভিত্তিক ব্যবস্থা বলতে পূর্বাভাসের উপর ভিত্তি করে দুর্ভোগের মাত্রা বিবেচনায় রেখে পূর্বনির্ধারিত সম্ভাব্য করণীয় কার্যক্রমের তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণকে বোঝায়। কোন এলাকার বন্যা-ঝুঁকি এবং বিপদসীমার বিভিন্ন ধাপ অনুযায়ী প্রাতিষ্ঠানিক এবং কমিউনিটি পর্যায়ের করণীয়গুলো নির্ধারণ করা হয়ে থাকে। বিভিন্ন দেশে পূর্বাভাসের উপর ভিত্তি করে দুর্ভোগ ব্যবস্থাপনায় জড়িত সংস্থাগুলোর সক্ষমতা বৃদ্ধি করা হয়, আগাম সাড়া দান প্রক্রিয়া জোরদার করা হয় এবং প্রয়োজনে দুর্ভোগের পূর্বেই আর্থিক সহায়তা প্রদান বা সামাজিক সুরক্ষা পরিষেবা বৃদ্ধি করা হয়।



সুফল প্রজেক্টের যেই লক্ষ্য অর্জনে কাজ করবে

বন্যার প্রভাব-ভিত্তিক পূর্বাভাসের ভিত্তিতে বন্যাদুর্গত এলাকায় সতর্কতামূলক তথ্য প্রচার এবং সেই অনুযায়ী বন্যার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া

দুর্ভোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সংস্থাগুলোর সক্ষমতা বাড়ানো যেন পূর্বাভাসের ভিত্তিতে আগাম ব্যবস্থা গ্রহণ করতে পারে

জাতীয় এবং স্থানীয় পর্যায়ে বন্যার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সম্ভাব্য প্রক্রিয়া নিরূপণ এবং এর যৌক্তিকতা নীতিনির্ধারণী পর্যায়ে তুলে ধরা

